সাভারে পুলিশ কর্মকর্তা হত্যা মামলায় আরও ৮ জন গ্রেফতার



ছবি: সংগৃহীত

সাভারে পুলিশ কর্মকর্তা হত্যার ঘটনায় আরও আটজনকে গ্রেফতার করেছে র‍্যাব। এ নিয়ে এ মামলায় এখন পর্যন্ত মোট নয়জনকে গ্রেফতার করা হয়েছে।

সোমবার (৭ সেপ্টেম্বর) এক প্রেস ব্রিফিংয়ে র‍্যাব এ তথ্য জানায়।

র‍্যাবের তথ্য অনুযায়ী, প্রযুক্তির সহায়তায় র‍্যাব-১০ সদরঘাট এলাকা থেকে চারজনকে গ্রেফতার করেছে। অপর চারজনকে গ্রেফতার করেছে র‍্যাব-৪।

র‍্যাব-১০-এর অধিনায়ক আসাদুজ্জামান জানান, গ্রেফতারদের প্রাথমিকভাবে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। জিজ্ঞাসাবাদে পাওয়া তথ্য অনুযায়ী, হামলাকারীদের মধ্যে আলাউদ্দিন প্রথমে ভিকটিমকে আঘাত করেন। পরে জিহাদ ছুরি দিয়ে তাকে জখম করে বলে জানিয়েছে র‍্যাব।

তিনি আরও জানান, গ্রেফতার হওয়া আপন নামের একজনের বিরুদ্ধে তিনটি মামলা রয়েছে।

প্রেস ব্রিফিংয়ে র‍্যাব জানায়, গণপিটুনির ঘটনায় ইমরানের অংশগ্রহণের তথ্য পাওয়া গেছে। পাশাপাশি আপন ও জিহাদের বিরুদ্ধে কিশোর গ্যাং পরিচালনা এবং মাদকের সঙ্গে সম্পৃক্ততার প্রমাণ পাওয়া গেছে বলেও দাবি করা হয়েছে।

র‍্যাব জানিয়েছে, এখন পর্যন্ত গ্রেফতার হওয়া নয়জনই এ হত্যা মামলার এজাহারভুক্ত আসামি। মামলার বাকি ছয় আসামিকে ধরতে অভিযান চলছে।